



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-২৬ ফেব্রুয়ারী ২০১৭ খ্রি.

ভারপ্রাপ্ত মেয়রের ব্যস্ত সময়ের পাশাপাশি বিভিন্ন শ্রেণী ও পেশার
নেতৃবৃন্দের সাথে মতবিনিময়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী ২৬ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি. রবিবার, দায়িত্ব গ্রহণের পর নগর ভবনে কর্মব্যস্ত সময় কাটালেন। তিনি চসিক এর বিভিন্ন বিভাগ ও শাখা প্রধানদের সাথে বৈঠক করে নাগরিক সেবাধর্মী সকল কার্যক্রম গতিশীল রাখার নির্দেশনা দেন। ভারপ্রাপ্ত মেয়র সৌজন্য সাক্ষাতে আসা নানান শ্রেণির লোকজনের সাথে মতবিনিময় করেন। মতবিনিময়ে মেয়র আবর্জনা ব্যবস্থাপনা, উন্নয়ন কার্যক্রম ও নগরীর বিউটিফিকেশন বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এসময় নগর ও নাগরিক নামে একটি সংগঠনও ভারপ্রাপ্ত মেয়রের সাথে মতবিনিময় করেন। তারা ভারপ্রাপ্ত মেয়রকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। মতবিনিময়ে নগর ও নাগরিক এর সভাপতি লায়ন মো. আইয়ুব, যুগ্ম সম্পাদক বি এম সাইদুল হক, সদস্য চৌধুরী এম এ ওয়াহাব, ইমতিয়াজ মাহবুব, আজিম চৌধুরী, মো. হাসান ও মো. রানা সহ অন্যরা উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা